

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা -১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.১৯৮.২০১৫-৬৬

তারিখ: ১৭ মাঘ ১৪২৭
৩১ জানুয়ারি ২০২১

বিষয়: এলজিইডি'র আওতায় KFAED এর সহায়তায় বাস্তবায়নাধীন “নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প” শীর্ষক প্রকল্পের আওতায় অতিরিক্ত অর্থায়ন প্রসঙ্গে।


সূত্র: এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৯৬৮.১১.০০২.১৮-৫২৩; তারিখ: ১১/০১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুয়েত ফান্ডের আর্থিক সহায়তাপুষ্ট এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প” শীর্ষক প্রকল্পটি মোট ৮৬৫.০০ কোটি (জিওবি ৪৬৭.৪৬৯৮ কোটি এবং প্রকল্প সাহায্য ৩৯৭.৫৩০৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং এপ্রিল ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১০/০৪/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ১০% এবং আর্থিক অগ্রগতি ৪১.৭৫ কোটি টাকা (৪.৮৩%)।

২। দেশের ৩০টি জেলার ৫৩টি পৌরসভায় নাগরিক চাহিদা পূরণে নগর অবকাঠামো উন্নয়ন এবং আর্থসামাজিক উন্নয়ন ও যোগাযোগ ব্যবস্থার সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে প্রকল্পটি গৃহীত হয়েছে। এ পর্যায়ে মাননীয় মন্ত্রী এবং সংসদ সদস্যগণের অনুরোধের প্রেক্ষিতে এ প্রকল্পে আরো ৪৩টি পৌরসভা অন্তর্ভুক্তিসহ অতিরিক্ত ১৫.০০ মিলিয়ন কুয়েতি দিনার এবং আনুপাতিক হারে জিওবি অর্থায়নের প্রয়োজন। এ লক্ষ্যে একটি প্রাথমিক উন্নয়ন প্রকল্প ছক (পিডিপিপি) প্রণয়ন করা হয়েছে।

৩। এমতাবস্থায়, KFAED সহায়তাপুষ্ট এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প” শীর্ষক প্রকল্পের আওতায় আরোও ৪৩টি পৌরসভা অন্তর্ভুক্তির এবং অতিরিক্ত ১৫.০০ মিলিয়ন কুয়েতি দিনার প্রাপ্তির উদ্দেশ্যে এলজিইডি কর্তৃক প্রণীত প্রাথমিক উন্নয়ন প্রকল্প (পিডিপিপি) এর বিষয়ে নীতিগত সম্মতি/উন্নয়ন সহযোগী কর্তৃক অর্থায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুমোদন জানানো হলো।

সংযুক্তিঃ পিডিপিপি ০১ (এক) কপি।


(মুহাম্মদ আমিন শরীফ) ৩১/০১/২১
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৭৫৮০১২
planning1.lgd@gmail.com

বিতরণঃ

- ১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।